# টাকার অষ্টোত্তর শতনাম




ভিক্টোরিয়া-লাইব্রেরী

मन

# তারার অষ্টোত্তর শতনাম

শ্রীহরিচরণ দেবশর্ম্মণঃ সংগৃহীত

—※—

প্রকাশক:- শ্রীধনঞ্জয় দে এণ্ড ব্রাদার্স
ভিক্টোরিয়া লাইব্রেরী
১ নং গরাণহাটা ষ্ট্রীট, কলিকাতা-৬

অভিনব সংস্করণ

সন ১৩৫৮ সাল ]          [ মূল্য দুই আনা ।

## টাকার ধ্যান

ত্রৈলোক্যে পূজিতে দেবি শ্রীটাকা লক্ষ্মীস্বরূপে।
যথা ত্বং সুস্থিরা ব্যাঙ্কে তথা ভব ময়ি স্থিরা ॥১
আধুলি দুয়ানী আনি পয়সা টাকা সিকিস্তথা।
শিলিং টঙ্কা রূপেয়া ডলার নোট পুঁজিপাটা ॥২
দ্বাদশৈতানি নামানি টাকাং সম্পূজ্য যঃ পঠেৎ।
স্থিরা লক্ষ্মীর্ভবেত্তস্য পুত্রপৌত্রাদিভিঃ সহ ॥৩

## টাকার স্তোত্র

ঔষধে চিন্তয়েদ্ মূল্যং ভোজনে চ জলপাণিং।
শয়নে রৌপ্যচক্রঞ্চ বিবাহে চ যৌতুকং ॥ ১
যুদ্ধে রসদং দেবং প্রবাসে চ চেকরূপং।
রৌপ্যচক্রং তনুত্যাগে রূপচাঁদং প্রিয়সঙ্গমে॥


দুঃস্বপ্নে স্মর অর্থানাং সঙ্কটে পুঁজিপাটাং।
কাননে বিপদকারঞ্চ পাবকে ধাতুরূপং ॥ ৩
জলমধ্যে প্রবালঞ্চ পর্ব্বতে মণিমুক্তাং।
গমনে পাথেয়ঞ্চৈব সর্ব্বকার্য্যেষু অর্থং ॥ ৪
ষোড়শৈতানি নামানি প্রাতরুত্থায় যঃ পঠেৎ।
সর্ব্বদুঃখহরং সুখং যক্ষলোকে মহীয়তে ॥ ৫

---

## প্রণাম মন্ত্র

টাকা স্বর্গ টাকা ধর্ম্ম টাকাহি পরমন্তপ।
টাকাং প্রীতিমাপন্নে প্রিয়ন্তে সর্ব্বমানবাঃ ॥

---



## টাকার জন্মকথা

একদা বৈকুণ্ঠে বসি লক্ষ্মী-নারায়ণ।
মনসুখে দুই জনে আলাপে মগন ॥
হেনকালে বীণাযন্ত্রে করি নাম গান।
ব্রহ্মার তনয় তথা উপনীত হন্ ॥
লক্ষ্মীদেবী জিজ্ঞাসেন ধরার খবর।
দেবীর খোঁজেতে দেব কন্ অতঃপর ॥
শারীরিক সুখে আছে ধরাবাসীগণ।
কিন্তু বড় মনকষ্টে আছয়ে মগন ॥
দুঃখের কারণ যবে দেবী জিজ্ঞাসিল।
ব্যবসাদি নাহি চলে নারদ কহিল ॥
পূর্ব্বে মাগো বিনিময়ে ব্যবসা চলিত।
ধান দিয়া বস্ত্র আদি দ্রব্যাদি মিলিত ॥

এবে আর সেই প্রথা চলিত না রয়।
ধান দিয়া বস্ত্র দিতে কেন নাহি চায় ॥
সকলেই করিতেছে সদা কান্নাকাটি।
কেহ বা উলঙ্গ আছে কেহ উপবাসী ॥
ব্যবসা বাণিজ্য যাহে চলে অতঃপর।
উপায় তাহার দেবি করুন সত্বর ॥
নহে সৃষ্টি পাবে লয় কহিনু নিশ্চয়।
খ হেরি মোর দাড়ি অশ্রুসিক্ত হয় ॥
ক্ষ্মী কন্ কেঁদ নাক' আর বাছাধন।
খনি করিব আমি দুঃখ বিমোচন ॥
বে আমি কহি যাহা শুন মন দিয়া।
থিবী ভ্রমণে যাব পেচকে চড়িয়া ॥
তের নানা স্থানে খনি অভ্যন্তরে।
র স্পর্শে ধূলামাটি রৌপ্য শুভ্র হবে ॥

এই রৌপ্য খনি হতে করি উত্তোলন।
রাখিবেক খনিজীবি করিয়া যতন ॥
তারপর সেই রূপা বয়ে নিয়ে গিয়ে।
আগুনে গলাবে লোকে যতন করিয়ে ॥
গলিয়া তরল রূপ ধরিবে যখন।
চক্রাকারে পরিণত করিবে তখন ॥
এক পিঠে রাজ ছাপ অন্য পিঠে লেখা।
এইরূপে টাকা রূপে দিব আমি দেখা ॥
এই টাকা হবে যেন বাণিজ্য সহায়।
যার দ্বারা বিনিময় কার্য্য চলি যায় ॥
অতঃপর এই টাকা ভারতে কেমনে।
হইবে প্রস্তুত তাহা কহিব এক্ষণে ॥
ভারতের রাজধানী কলিকাতা ধামে।
সুদক্ষ কংগ্রেস করে রাজত্ব সেখানে।

কলিকাতা নগরীর পশ্চিম ভাগেতে।
গঙ্গাতীরে ট্যাকশাল স্থাপে যতনেতে॥
টাকারূপে রৌপ্যচক্র সেস্থানে জন্মিবে।
সতত প্রহরী ঘেরা গৃহখানি রবে॥
পৃথিবীর সকল স্থানে ইহা চলিবে।
অষ্টোত্তর শতনাম টাকার যে হবে॥
দেবর্ষি কহিলা পুনঃ কহ দেবী মোরে।
টাকাষ্টোত্তর শতনাম বিস্তারিত করে॥
টাকা নাম অতি মিষ্ট পশিলা শ্রবণে।
না জানি কতেক মধু আছে বাকি নামে॥
লক্ষ্মী কন্ সত্য কথা কহ বাছাধন।
নাম শুনি কর্ণে হবে সুধা বরিষণ॥
এবে তব পাশে আমি করিব কীর্ত্তন।
টাকাষ্টোত্তর শতনাম শাস্ত্রের লিখন॥

## নাম আরম্ভ

টাকা হয় আদি নাম জানে সর্ব্বজন। ১
টঙ্কা নাম উড়িষ্যায় হ'ল প্রচলন ॥ ২
পাউণ্ড শিলিং নাম ইংলণ্ড মাঝারে। ৩
মার্ক নাম ধরে টাকা জার্ম্মানী ভিতরে ॥ ৪
ইয়েন হইল নাম চীন ও জাপানে। ৫
ক্রোনার হ'ল যে নাম ডেন ও সুইডেনে ॥ ৬
আসরফি ছিল নাম মোগল আমলে। ৭
আমদানী আর নাম ব্যবসায়ী স্থলে ॥ ৮
অর্থ নাম ধরে টাকা হইলে সঞ্চিত। ৯
ধন নাম ধরে টাকা জগতে বিদিত ॥ ১০
চৌষট্টি অংশে টাকার পয়সা আখ্যান। ১১
ষোল ভাগে ভগ্ন হয়ে ধরে আনি নাম ॥ ১২

অষ্টাংশে বিভক্ত হ'লে দুয়ানী যে হয়। ১৩
চারি ভাগে ভগ্ন হ'লে সবে সিকি কয়॥ ১৪
দুই ভাগে ভাগ হ'লে বলি যে আধুলি। ১৫
কাগজে মুদ্রিত টাকা নোট তারে বলি॥ ১৬
ডলার টাকার নাম আমেরিকা দেয়। ১৭
হুণ্ডী নামে মাড়োয়ারী ব্যবসা চালায়॥ ১৮
দাদন টাকার নাম চাষীর সমাজে। ১৯
পারিশ্রমিক ধরে নাম ঠিকালোক মুখে॥ ২০
স্বর্ণে নির্ম্মিত টাকা মোহর নাম নেয়। ২১
মুদ্রা নামে প্রচলিত ইতিহাস কয়॥ ২২
মাশুল হইল নাম রেলের অফিসে। ২৩
ষ্ট্যাম্প নাম শুনি সদা পোষ্ট অফিসে॥ ২৪
সেলামি অপর নাম বন্দোবস্ত কালে। ২৫
সেস্ নাম শুনি সদা গভর্ণমেণ্ট মহলে॥ ২৬

সির্ণি নাম ধরে টাকা সত্যনারায়ণাগারে। ২৭
মানত হইল নাম হিন্দুর মন্দিরে ॥ ২৮
স্যালারী রাখিল নাম সাহেব চাকুরে। ২৯
ব্যাজ নাম ধরে টাকা মহাজন ঘরে ॥ ৩০
প্রিমিয়াম নাম হয় ইন্সিওর অফিসে। ৩১
রূপচাঁদ নাম শুনি বিজ্ঞলোক পাশে ॥ ৩২
জমীদার মহলে খাজনা টাকা নাম। ৩৩
ভিজিট পেলে পরে ডাক্তার তুষ্ট হ'ন ॥ ৩৪
ভাড়া নাম ধরে টাকা ভাড়াটিয়া পাশে। ৩৫
রাবল হইল নাম রাশিয়া প্রদেশে ॥ ৩৬
রুপেয়া রাখিল নাম কাবুল-বাসিন্দা। ৩৭
সাধারণ অনুষ্ঠানে হ'ল নাম চাঁদা ॥ ৩৮
মূলধন নাম হয় ব্যবসা প্রারম্ভে। ৩৯
রৌপ্যচক্র রাজী টাকা নরচক্ষে শোভে ॥ ৪০

পাথেয় নামেতে টাকা পথের সম্বল। ৪১
পার্ব্বণী চায় যে লোকে পার্ব্বণের কাল ॥ ৪২
বাণী নামে আখ্যা দিল স্যাকরা সকল। ৪৩
বায়না নাম দিলা যত যাত্রাদির দল ॥ ৪৪
গুরুদেব-দত্ত নাম হয় যে প্রণামী। ৪৫
টাকা হয় সুখদাতা লোকমুখে শুনি ॥ ৪৬
বিপদে সাহায্য নাম হইল যে টাকা। ৪৭
স্বর্গসুখ দানে তাই স্বর্গ নাম টাকা ॥ ৪৮
রোজয়ানা নাম রাখে মজুরের দল। ৪৯
উপহার রূপী টাকা প্রিয় প্রিয়তর ॥ ৫০
কোর্ট ফি নামেতে টাকা চলে আদালতে। ৫১
ক্যাস নাম ধরে যত ব্যবসা স্থলেতে ॥ ৫২
গর্ব্ব নামে টাকা করে গরব উদিত। ৫৩
ক্ষয় পূর্ণ করে যেই কহে খেসারৎ ॥ ৫৪

রাহা খরচ বলে যত কোর্ট সাক্ষীগণে। ৫৫
রূপী নামে আর টাকা চলিত ভুবনে ॥ ৫৬
লক্ষ্মী নাম্নী টাকা হয় প্রণমি চরণে। ৫৭
দক্ষিণা রাখিল নাম পূজারী ব্রাহ্মণে ॥ ৫৮
উপরী পাইলে যাহা তুষ্ট কর্ম্মচারী। ৫৯
যার নাম ইংরাজীতে একষ্ট্রা পড়ি ॥ ৬০
কমিশন নাম দিল মধ্যস্থকারীরা। ৬১
দালালী দানিল নাম যত দালালেরা ॥ ৬২
দর্শনী টাকার নাম তীর্থস্থানে হয়। ৬৩
ব্রাহ্মণ পণ্ডিত পাশে নাম যে বিদায় ॥ ৬৪
মাসের খরচ তাই মাসহারা নাম। ৬৫
পণ নিয়া কন্যা বিক্রি করে বহুজন ॥ ৬৬
ফেয়ার টাকার নাম যান বাহনেতে। ৬৭
ক্ষাউ নামে গোল আনে সদা বাজারেতে ॥ ৬৮

কৃপণে রাখিল নাম জীবনের পুঁজি। ৬৯
জরিমানা নাম রাখে আদালতে কাজি ॥ ৭০
কর্জ্জ নাম দিলা যত দেনাদারগণ। ৭১
ভিক্ষা নাম রাখে যতেক ভিখারীগণ ॥ ৭২
বামাল ধরে যে নাম চোরগণ যত। ৭৩
বড় কাজ পেলে দানি সাহেবের ভেট ॥ ৭৪
বিবাহে যৌতুক নামে বিবাদ সৃজয়। ৭৫
ফ্রাঙ্ক নাম ফরাসীতে প্রচারিত রয় ॥ ৭৬
ফিস্ নাম রাখে যে আইন ব্যবসাদার। ৭৭
আগে বিক্রী নাম বৌণি রাখে দোকানদার ॥৭৮
বেতন রাখিল নাম চাকুরীয়াগণ। ৭৯
চাকরী ছেড়ে টাকা পেলে হয় তা পেন্‌সন ॥ ৮০
ডালি নাম শুনি সদা পূজা পার্ব্বণেতে। ৮১
বক্‌শিস্ যাচে ভৃত্য প্রভু নিকটেতে ॥ ৮২

হিন্দুস্থানী ভাড়াটিয়া কয় যে কেরয়া। ৮৩
মূল্য নামে বাজারেতে প্রচলিত ইহা ॥ ৮৪
কুবের রাখয়ে নাম অভিষ্ট পূরণ। ৮৫
প্যালা নাম দিল যত কীর্ত্তনীয়াগণ ॥ ৮৬
আর অন্য নাম টাকা ধরে দুঃখহারা। ৮৭
তাগিদ নাম যে রাখে পাওনাদারেরা ॥ ৮৮
ট্যাক্সরূপে রাজকোষে টাকা আমদানী। ৮৯
মজুরী উপরি পাওনা হয় জলপানি ॥ ৯০
দরিদ্র রাখয়ে নাম দারিদ্রহারিণী। ৯১
পারাণির কড়ি কহে যতেক পারাণী ॥ ৯২ ॥
অলকা টাকার নাম রাখিল মোক্ষদা। ৯৩
টাকা বলে পুণ্য লভে টাকা পুণ্যপ্রদা ॥ ৯৪
ক্রেতাগণে নাম দিল দস্তুরী ইহার। ৯৫
বিদ্যাস্থানে ক্রীড়াভূমে নাম পুরস্কার ॥ ৯৬

দৈন্যনাশ্য নাম দেয় যত ধনীজন। ৯৭
রৌপ্যে মুদ্রিত টাকা সবে চাঁদি কন্॥ ৯৮
ব্যবসা চলিলে হয় লাভ নামে টাকা। ৯৯
লোকসান নাম হয় ব্যবসা হ'লে ফাঁকা॥ ১০০
রুধির হয় যে ইহা মহাজন পাশে। ১০১
খনির মালিক নাম রয়েলটি রাখে॥ ১০২
সেস্ রূপে বাদ পাই নগদ প্রদানে। ১০৩
বাটা নিয়ে খুচরা দেয় পোদ্দার ভবনে॥ ১০৪
ব্যাঙ্কে জমিলে নাম হয় ডিপসিট্। ১০৫
হিসাবরক্ষকে নাম দিলা একাউন্ট॥ ১০৬
প্রতিষ্ঠানে দান এলে নাম ডোনেসন্। ১০৭
অনর্থ কারণ টাকা বিদ্বান্ সদন॥ ১০৮
অসংখ্য অসংখ্য নাম আছয়ে টাকার।
এবে আমি কহিলাম সার মাত্র তার॥

## ফলশ্রুতি

টাকাষ্টোত্তর নাম শত শ্রবণে পঠনে।
দুঃখ দূর হবে জেন এই ত্রিভুবনে ॥
টাকা পূজি লক্ষ্মীকৃপা কর আকিঞ্চন :
লক্ষ্মী কৃপা হলে হবে সুখেতে মগন ॥
টাকা বলে খ্যাতি আর পদবী লভিবে।
জীবনান্তে মনসুখে অলকায় যাবে ॥
টাকা হয় ধরামাঝে বৈতরণী সম।
টাকা কর্ম্ম টাকা ধর্ম্ম কর সার জ্ঞান ॥
টাকারে তুষিতে হলে লহ টাকা নাম।
একথা জানিবে অর্থ শাস্ত্রের কথন ॥

টাকার অষ্টোত্তর শতনাম সমাপ্ত।

৪৩।২ গ্রে ষ্ট্রীট,—কলিকাতা ৫। "বাণীমন্দির
প্রেস" হইতে শ্রীনবদ্বীপচন্দ্র মণ্ডল কর্তৃক মুদ্রিত।

।

ীমল্লিক·

মূদ্রিত।

## ভিক্টোরিয়া লাইব্রেরী

১নং গরাণহাটা ষ্ট্রীট, কলিকাতা—৬

### আমাদের প্রকাশিত কয়েকখানি পুস্তকের তালিকা

| | | | |
|---|---|---|---|
| কৃত্তিবাস রামায়ণ | ৬৲ | গোবিন্দদাস পদাবলী | —১ |
| শ্রী শ্রীচৈতন্য ভাগবত | ৫৲ | বিদ্যাপতি পদাবলী | —১ |
| শ্রীশ্রীচৈতন্য মঙ্গল | ২॥• | চণ্ডীদাস পদাবলী | —১ |
| শ্রীশ্রীপদ্মপুরাণ | ৩৲ | কীর্ত্তন পদাবলী | — |
| শ্রীমদ্ভগবদ্গীতা | ১৲ | রতি শাস্ত্র | — |
| সরল পদ্য গীতা | ৮• | প্রেমপত্র | — |
| সরল পদ্য চণ্ডী | ৮• | পশুচিকিৎসা | — |
| মেয়েদের ব্রতকথা | ৮• | গার্হস্থ্য চিকিৎসা | — |
| ষটচক্র | ১॥• | কামাখ্যা তন্ত্র | — |

—আমাদের প্রকাশিত—

### ভারতমাতা গৃহ পঞ্জিকা

ব্যবহার করুন। মূল্য আশাতীত সুলভ।